জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) এর আলোকে স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন কর্মকৌশল (Local Adaptation Plan of Action – LAPA)

বাস্তবায়ন নির্দেশিকা ২০২৪

LOCAL GOVERNMENT INITIATIVE on CLIMATE CHANGE (LoGIC)

Sweden
Sverige

EMBASSY OF DENMARK

UNCDF
Impact Capital for Development

UNDP

জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) এর আলোকে স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন কর্মকৌশল
(Local Adaptation Plan of Action – LAPA)

বাস্তবায়ন নির্দেশিকা ২০২৪

LOCAL GOVERNMENT INITIATIVE on CLIMATE CHANGE (LoGIC)

Sweden
Sverige

EMBASSY OF DENMARK

UNCDF
Impact Capital for Development

UNDP

জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) এর আলোকে
স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন কর্মকৌশল
(Local Adaptation Plan of Action – LAPA)
বাস্তবায়ন নির্দেশিকা ২০২৪

সংকলনে :
সাইদুর রহমান মোল্লা
পরামর্শক, লজিক প্রকল্প
ইউএনসিডিএফ

প্রকাশনায়:
মহাপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

টেলিফোন : ০০৮৮-০২৩৩৪৪০০৬০১-৬
০০৮৮০২৩৩৪৪০৫০১১
০০৮৮০২৩৩৪৪০৫০৭০
ফ্যাক্স : ০০৮৮-০২৩৩৪৪০০৪০৬
ই-মেইল : dg@bard.gov.bd
ওয়েবসাইট : www.bard.gov.bd

ISBN : 978-984-35-6423-8

প্রকাশকাল : মার্চ ২০২৪

মুদ্রণ : ইন্ডাষ্ট্রীয়েল প্রেস, কুমিল্লা

মোহাম্মদ ফজলে আজিম
যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ
এবং জাতীয় প্রকল্প পরিচালক
লজিক (LoGIC) প্রকল্প

বাণী

জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) হলো একটি জাতীয় নীতি নির্দেশিকা যা ইউএন ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ (UNFCC) কর্তৃক নির্ধারিত হয়েছে। এর সংযুক্তিকরণ (Vertical Integration) বা স্থানীয়করণ (Localization) স্থানীয় সরকারের দায়িত্ব।

জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) কে স্থানীয় সরকারের স্থানীয় অভিযোজন কর্ম পরিকল্পনা (LAPA) তে সংযুক্তির (Vertical Integration) জন্য এই নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (LoGIC) প্রকল্পের কারিগরি পরামর্শ ও আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) এই নির্দেশিকাটি প্রকাশ করেছে এবং ইতোমধ্যে লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (LoGIC) প্রকল্পের ২৯টি উপজেলার স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা প্রণয়নের প্রশিক্ষণে উক্ত নির্দেশিকাটি ব্যবহৃত হয়েছে। এই নির্দেশিকায় রয়েছে জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) প্রণয়নের প্রক্রিয়া, উপজেলা পরিকল্পনা প্রক্রিয়া এবং লিঙ্গসমতাসহ জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) প্রস্তাবিত ক্ষেত্রগুলিকে কীভাবে স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যায়।

এই সমর্থনের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) এর অবদান প্রশংসাযোগ্য। আমি বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) কে ধন্যবাদ জানাই এবং আমার বিশ্বাস এই নির্দেশিকাটি দেশের সকল উপজেলার জন্য জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) সংযুক্ত স্থানীয় অভিযোজন কর্ম পরিকল্পনা (LAPA) প্রণয়ন করার জন্য কার্যকর হবে।

(মোহাম্মদ ফজলে আজিম)

সূচিপত্র

১.	ভূমিকা	১
২.	স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন কর্মকৌশল নির্দেশিকার উদ্দেশ্য	১
৩.	আবহাওয়া, জলবায়ু ও জলবায়ু পরিবর্তন	১
	৩.১ আবহাওয়া ও জলবায়ু কী?	১
	৩.২ গ্রীন হাউজ এফেক্ট কী	২
	৩.৩ জলবায়ু পরিবর্তন কী?	২
	৩.৪ জলবায়ু পরিবর্তন অভিযোজন (Climate Change Adaptation)	২
৪.	জাতীয় অভিযোজন কৌশল যা স্থানীয় পর্যায়ের জন্য প্রযোজ্য	৩
	৪.১ স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অর্ন্তভুক্তির নীতিসমূহ (Principle), প্রাধান্য ও এলাকাসমূহ	৩
	৪.২ জাতীয় অভিযোজন কৌশল তৈরীর ধাপসমূহ	৫
	৪.৩ জাতীয় অভিযোজন কৌশল এর রূপকল্প (Vision) এবং লক্ষ্য (Goals)	৬
	৪.৪ স্থানীয় পর্যায়ে প্রযোজ্য জাতীয় অভিযোজন পরিকল্পনার কৌশল	৭
	৪.৫ জাতীয় অভিযোজন পরিকল্পনার প্রস্তাবিত খাত	৭
৫.	স্থানীয় অভিযোজন কর্ম কৌশল প্রণয়নে উপজেলা পরিষদের ভূমিকা	৮
৫.১	উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা চক্রের প্রাতিষ্ঠানিক কাঠামো	৯
৫.২	উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা চক্রের মূল ধাপসমূহ	১১
৬.	জাতীয় অভিযোজন পরিকল্পনা স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অর্ন্তভুক্তির পদ্ধতি	১২
৭.	স্থানীয় অভিযোজন কর্মকৌশল এর প্রধান উপাদানসমূহ	১৩
পরিশিষ্ট (Annex)		২০

স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন কর্মকৌশল
(Local Adaptation Plan of Action – LAPA)
বাস্তবায়ন নির্দেশিকা

১. ভূমিকা

বাংলাদেশ সরকার ২০২২ সালে জাতীয় অভিযোজন পরিকল্পনা (National Adaptation Plan 2023-2050) অনুমোদন করে। আমরা সবাই জানি বাংলাদেশ একটি জলবায়ু ঝুঁকিপ্রবণ এলাকা। প্রতি বছর জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক জানমালের ক্ষতি হয়। এই দুর্যোগ থেকে জানমালের ক্ষতির পরিমাণ কমানোর জন্য জাতীয় অভিযোজন পরিকল্পনা বাস্তবায়ন করা প্রয়োজন। জাতীয় অভিযোজন পরিকল্পনা বাস্তবায়নে স্থানীয় সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বর্তমানে স্থানীয় সরকারের বিদ্যমান পরিকল্পনায় এই জাতীয় অভিযোজন পরিকল্পনাকে বিবেচনা করা হয়নি। এজন্য স্থানীয় সরকারের পরিকল্পনায় এই জাতীয় অভিযোজন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ নেওয়া প্রয়োজন।

২. স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন কর্মকৌশল নির্দেশিকার উদ্দেশ্য

এই নির্দেশিকা উপজেলা পর্যায়ে এই জাতীয় অভিযোজন পরিকল্পনা বাস্তবায়নে সাহায্য করবে। এই নির্দেশিকায় কিভাবে আগামী পাচঁ বছরের জন্য উপজেলা পর্যায়ে অভিযোজন কৌশল পরিকল্পনা করা হবে তার ধারণা দেওয়া হয়েছে। এ নির্দেশিকায় নিম্নোক্ত বিষয়গুলো আলোচনা করা হয়েছে:

- জলবায়ু ও আবহাওয়ার উপর সংক্ষিপ্ত আলোচনা
- জাতীয় অভিযোজন পরিকল্পনার বিভিন্ন দিকসমূহ
- বর্তমানে উপজেলা পরিকল্পনার পদ্ধতিসমূহ
- জাতীয় অভিযোজন পরিকল্পনা স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অন্তর্ভুক্তির পদ্ধতি
- পরিকল্পনা বাস্তবায়নে পাঁচ বছর মেয়াদী স্থানীয় অভিযোজন কর্মকৌশল (Local Adaptation Plan of Action –LAPA) এর নমুনা এবং উপাদান

৩. আবহাওয়া, জলবায়ু ও জলবায়ু পরিবর্তন

৩.১ আবহাওয়া ও জলবায়ু কী?

আবহাওয়া: আবহাওয়া হচ্ছে বায়ুমন্ডলের তাৎক্ষণিক অবস্থা। এর দ্বারা সাধারণত ঠান্ডা, গরম, আর্দ্রতা, বাতাসের গতিবেগ, মেঘের অবস্থা, বৃষ্টিপাত, বায়ুচাপ, দৃষ্টিগোচরতা ইত্যাদি অবস্থা বুঝায়।

জলবায়ু: জলবায়ু হলো একটি দীর্ঘ সময়ব্যাপী (৩০ বছর+) বায়ুমন্ডলের গড় অবস্থা।

৩.২ গ্রীন হাউজ এফেক্ট কী: ভূপৃষ্ঠসহ বায়ুমন্ডলীয় স্তর মূলতঃ ৭টি গ্যাসের স্তর সমন্বয়ে গঠিত হয়েছে। এগুলোকে গ্রীন হাউজ গ্যাস বলে।

সূর্য থেকে ক্রমাগত বিভিন্ন বিকরিত রশ্মি বায়ুমন্ডলীয় বিভিন্ন স্তরের ভেতর দিয়ে ভূপৃষ্ঠে পতিত হয়। কিছু রশ্মি বায়ুমন্ডলীয় উপরিভাগের স্তরে বাধা পেয়ে মহাশূন্যের দিকে প্রতিফলিত হয় এবং অর্ধেকের মত রশ্মি ভূপৃষ্ঠস্থ বিভিন্ন উপাদানের দ্বারা শোষিত হয়ে ভূপৃষ্ঠ ও বায়ুমন্ডলের অভ্যন্তরে তাপ/শক্তি উৎপন্ন করার পাশাপাশি দীর্ঘ তরঙ্গ দৈর্ঘ্য সম্পন্ন ক্ষতিকর অবহেলিত রশ্মি- তৈরী করে যার কিছু অংশ আবার বায়ুমন্ডল ভেদ করে মহাশূন্যে ফিরে যায়। উল্লেখ্য যে, এ সমস্ত ক্ষতিকর তরঙ্গের অধিকাংশই শিল্প কল-কারখানাসহ বিভিন্ন উৎস থেকে নির্গত গ্রীন হাউজ গ্যাস (কার্বন-ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড, হাইড্রোফ্লোরো কার্বন, পারফ্লোরো কার্বন, সালফার হেক্সো ফ্লোরাইড ইত্যাদি) কর্তৃক শোষিত হয়ে বিশ্বকে ক্রমাগত উষ্ণ করে তুলেছে। আবহাওয়া মন্ডলের বিভিন্ন ক্ষতিকর প্রভাবকে বলা হয় গ্রীন হাউজ এফেক্ট বা গ্লোবাল ওয়ার্মিং।

৩.৩ জলবায়ু পরিবর্তন কী?

IPCC (Intergovernmental Panel for Climate Change) এর মতে, জলবায়ু পরিবর্তন হলো দীর্ঘ সময়ব্যাপি জলবায়ুর বিভিন্ন উপাদানের পরিবর্তিত গড় মাত্রা বা অবস্থা, যা মানুষের জীবন/জীবিকা কেন্দ্রীক কর্মকান্ড এবং প্রাকৃতিক প্রক্রিয়ার দ্বারা সৃষ্ট। আবার UNFCCC (United Nations Framework Convention on Climate Change) এর মতে মানুষের জীবন/জীবিকা কেন্দ্রীক কর্মকান্ডের দ্বারা জলবায়ুতে ক্রমাগত পুঞ্জিভূত এবং ক্ষতিকর বিভিন্ন উপাদান কর্তৃক বৈশ্বিক সুবিন্যস্ত আবহাওয়া মন্ডলীর চিরাচরিত গঠন কাঠামোর পরিবর্তনই হলো জলবায়ু পরিবর্তন। তবে দীর্ঘমেয়াদী (কয়েক দশক থেকে শুরু করে কয়েক লক্ষ বৎসর পর্যন্ত) জলবায়ুর বিভিন্ন উপাদান, নিয়ামক, সূচক ও উপাদানের তারতম্যগত পরিবর্তনকে জলবায়ু পরিবর্তন বলা হয়।

মূলতঃ বিংশ শতাব্দীর (১৯শত শতক) মধ্যবর্তী সময় থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে (কলকারখানা, যানবাহন ও অন্যান্য যান্ত্রিক মাধ্যমে) অধিক মাত্রায় জীবাশ্ম জ্বালানী ব্যবহারের ফলে বায়ুমন্ডলের উত্তরোত্তর গ্রীন হাউজ গ্যাসসমূহের নির্গমন ও উপস্থিতি বৃদ্ধি পায়। এর ফলে বৈশ্বিক ও আঞ্চলিক পর্যায়ে জলবায়ুর স্বাভাবিক অবস্থার পরিবর্তন ঘটতে শুরু করে। ব্যাপক বায়ু দূষণ ও বায়ু মন্ডলে গ্রীন হাউজ গ্যাসের ক্রমাগত বৃদ্ধির ফলে উল্লেখযোগ্য হারে বৈশ্বিক তাপমাত্রাও বৃদ্ধি পেয়েছে। IPCC এর সাম্প্রতিক তথ্য অনুসারে ১৯৯৮-২০১২ সাল পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির হার ০.৫ ডিগ্রি সেন্টিগ্রেড। মূলতঃ ১৯০০ সাল থেকে পৃথিবীর জলবায়ু ক্রমে উত্তপ্ত হচ্ছে। তবে এ উষ্ণতা বৃদ্ধি পৃথিবীর সর্বত্র সমানভাবে ঘটেনি এবং ভৌগলিক অবস্থানগত কারণে পৃথিবীর বিভিন্ন স্থানে তাপমাত্রার বিভিন্ন মাত্রায় পরিবর্তন ঘটেছে।

৩.৪ জলবায়ু পরিবর্তন অভিযোজন (Climate Change Adaptation)

জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘের UNFCCC (United Nations Framework Covention on Climate Change) এর মতে জলবায়ু পরিবর্তন অভিযোজন হলো জলবায়ুর পরিবর্তিত প্রতিকূল অবস্থার সাথে প্রাকৃতিক বাস্তুসংস্থান (Ecology) এবং এর অধিবাসিদের সাথে

খাপ-খাওয়ানো, জলবায়ু/দুর্যোগজনিত ঝুঁকি হ্রাস ও প্রশমিত করা এবং বাস্তুসংস্থানের (Ecology) আওতাভুক্ত সকল প্রাকৃতিক সম্পদ ও অপরাপর সুবিধাকে কাজে লাগানো।

বাংলাদেশের প্রেক্ষাপটে সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে এবং বাস্তবায়নে সকল খাতসমূহে জলবায়ু/দুর্যোগজনিত ঝুঁকি হ্রাস ও প্রশমিত করা দারিদ্র্য বিমোচন ও বসবাসকারী পরিবেশের মান উন্নয়ন প্রভৃতি বিষয়াদির প্রতি গুরুত্ব প্রদান করা প্রয়োজন। এক্ষেত্রে স্থানীয় সরকারকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। যেহেতু স্থানীয় সরকার জনগণের কাছের প্রতিষ্ঠান এবং সকল সেবা ও উন্নয়নের কেন্দ্রবিন্দু উপজেলা পরিষদ, সেক্ষেত্রে উপজেলার পরিকল্পনায় জাতীয় অভিযোজন কৌশল এর অন্তর্ভুক্তি প্রয়োজন।

৪. জাতীয় অভিযোজন কৌশল যা স্থানীয় পর্যায়ের জন্য প্রযোজ্য

বাংলাদেশ সরকার ২০২২ সালে আগামী ২৭ বছরের জন্য (২০২৩-২০৫০) জাতীয় অভিযোজন পরিকল্পনা অনুমোদন করে। এ পরিকল্পনায় একটি রূপকল্প, ছয়টি লক্ষ্য, ২৩টি কৌশল, ২৮টি ফলাফল চিহ্নিত করা হয়েছে। এছাড়া এ পরিকল্পনায় ১১ এলাকাকে প্রাধান্য দেওয়া হয়েছে। এ পরিকল্পনায় আটটি সেক্টর বা খাতের উপর কাজ করার পরিকল্পনা করা হয়েছে। এ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে ৮ ধরনের নীতির কথা বলা হয়েছে। এছাড়া এ পরিকল্পনায় ১১৩ ধরনের উদ্যোগের কথা বলা হয়েছে। তবে পরিকল্পনা বাস্তবায়নে স্থানীয় সরকারে গুরুত্বপূর্ণ ভূমিকার উপর গুরত্বারুপ করা হয়েছে। নিচে এ অভিযোজন পরিকল্পনার কিছু দিক যা স্থানীয় সরকারের নিজস্ব পরিকল্পনার জন্য প্রয়োজন সেগুলো সম্পর্কে আলোকপাত করা হলো:

৪.১ স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অর্ন্তভুক্তির নীতিসমূহ (Principle), প্রাধান্য ও এলাকাসমূহ

জাতীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন এমনভাবে করা হয়েছে যেখানে একটি লক্ষ্য বা কৌশল আর একটি লক্ষ্য বা কৌশলের পরিপূরক হিসেবে কাজ করে এবং একটি কৌশল বহুমাত্রিক ধরনের হয়। এ কৌশল প্রণয়নে এবং বাস্তবায়নে স্থানীয় জনগণের অংশগ্রহণ এবং সিদ্ধান্ত গ্রহণের কর্তৃত্ব দেওয়া হয়েছে। এর বাস্তবায়নে স্বচ্ছ প্রক্রিয়ার এবং স্থানীয় নেতৃত্বের উপর জোর দেওয়া হয়েছে। এ কৌশল স্থানীয়ভাবে প্রণয়ন এবং বাস্তবায়নে সবার সাথে সমন্বয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এ কৌশল স্থানীয়ভাবে প্রণয়ন ও বাস্তবায়নে বিজ্ঞান এবং স্থানীয় জ্ঞানের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এ কৌশল স্থানীয়ভাবে প্রণয়নে জাতীয় পরিকল্পনা যেমন এসডিজি এবং ডেল্টা প্ল্যান এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। কৌশল প্রণয়নে ও বাস্তবায়নে ব্যক্তি মালিকানা খাতের অংশগ্রহণ, পরীবিক্ষণ ও মূল্যায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। একই সাথে সামাজিক অন্তর্ভুক্তিকরণের বিষয়টিকেও বিশেষ করে জেন্ডার সংবেদনশীলতা ও যুব সমাজের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ এখনে গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

চিত্র: ১ অভিযোজন কৌশল এর নীতি ও প্রাধান্য

স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অন্তর্ভুক্তির নীতিসমূহ (Principle) ও প্রাধান্যসমূহ
• ক্রসকাটিং, পরিপূরক ও বহুমাত্রিক (Cross-cutting Sectors, Multi-disciplinary Approach, Complementary) • স্থানীয় মালিকানা, অংশগ্রহণ ও সামাজিক অন্তর্ভুক্তি (Country Ownership, Participatory, Social Inclusion -gender, youth, elderly, disabilities) • স্বচ্ছ প্রক্রিয়ায় স্থানীয়ভাবে পরিচালিত হতে হবে। (Transparent Process and Incorporates both Top-down and Bottom –up Approach) • সমন্বয় (Horizontal and Vertical Coordination) • বৈজ্ঞানিক এবং স্থানীয় জ্ঞানের সমন্বয় (Scientific and Indigenous Knowledge) • এসডিজি ও বাংলাদেশ ডেল্টা প্ল্যান এর সাথে সামঞ্জস্য (Alignment with SDGs, Snergy with BDP 2100) • ব্যক্তিমালিকানা খাতের অংশগ্রহণ (Private Sector Engagement) • সুশাসন ও স্বচ্ছতার জন্য পরীবিক্ষণ, মূল্যায়ন (M&E for Improved Governance and Transparency) • সামাজিক অন্তর্ভুক্তিকরণ, জেন্ডার সংবেদনশীলতা ও যুব সমাজের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ।

এছাড়া স্থানীয়ভাবে কৌশল নির্ধারণে নীচের চারটি বিষয়ের উপর প্রাধান্য দেওয়ার কথা বলা হয়েছে। স্থানীয়ভাবে এ কৌশল বাস্তবায়নে নেতৃত্ব দেওয়া, বাস্তুসংস্থান ভিত্তিক এবং প্রাকৃতিকভাবে সমাধানের উপর গুরুত্ব দেওয়া। সবুজ প্রবৃদ্ধি ও ব্যক্তি মালিকানা খাতে অংশগ্রহণ বাড়াতে হবে।

১. স্থানীয়ভাবে চালিত অভিযোজন (Locally Led Adaptation)
২. বাস্তুসংস্থান ভিত্তিক অভিযোজন (Ecosystem-based Adaptation)
৩. প্রকৃতিক সমাধান (Nature-based Solutions)
৪. সবুজ প্রবৃদ্ধি (Green Growth)

জাতীয় অভিযোজন পরিকল্পনায় দেশকে এগারটি এলাকায় ভাগ করে এলাকার বৈশিষ্টের উপর ভিত্তি করে কৌশল প্রণয়নের উপর গুরুত্ব দেয়া হয়েছে।

সারণী ১: জলবায়ু দুর্যোগপূর্ণ এলাকার তথ্য

নং	জলবায়ু দুর্যোগপূর্ন এলাকা	মোট জেলার সংখ্যা/শহর	মোট এলাকার পরিমান (বর্গকিমি)	ক্ষতিগ্রস্ত লোকের সংখ্যা (লক্ষ)
১.	দক্ষিণ-পশ্চিম উপকূলীয় এলাকা এবং সুন্দরবন	১৩	৩০,৬৪৬	১৩৫.৭
২.	দক্ষিণ পূর্ব এবং পূবাঞ্চলীয় উপকূলীয় এলাকা	৬	১৩,৮৯১	১০৯.৩
৩.	পার্বত্য চট্টগ্রাম	৩	১৩,২৯৪	১৩.৩
৪.	নদী, প্লাবনভূমি ও ভাঙনপ্রবণ এলাকা	৩৯	৫৮,০১০	১২৭.২
৫.	হাওড় ও আকস্মিক বন্যা এলাকা	৭	১৯,৬৬২	৪০.২
৬.	খরা প্রবণ ও বরেন্দ্র এলাকা	১৪	২১,৫১২	৩৮.৫
৭.	উত্তর ও উত্তর-পশ্চিমাঞ্চল	৭	৯,৯১৭	৬৩.২
৮.	চলনবিল ও উত্তর-পশ্চিমাঞ্চল	৫	৫,০২৭	৫৭
৯.	চর ও দ্বীপাঞ্চল	১৮	৩,৯৭৬	৮৫.১
১০.	বঙ্গোপসাগর এবং সমুদ্র অঞ্চল		১১৮,৮১৩	১২.৬
১১.	শহরাঞ্চল	৪৩	১০,৬০০	৩২৪.১

৪.২ জাতীয় অভিযোজন কৌশল তৈরীর ধাপসমূহ

জাতীয় অভিযোজন কৌশল প্রণয়নের ক্ষেত্রে ছয়টি ধাপ অনুসরণ করা হয়েছে। প্রথমত: কোন কোন খাত অগ্রাধিকার পাবে তা ঠিক করা। দ্বিতীয়ত: বিভিন্ন জলবায়ু পরিবর্তনের কারণে কী কী ঝুঁকির সৃষ্টি হয়েছে এবং এ মোকাবেলায় কী কী পদেক্ষেপ নেওয়া হয়েছে এর উপর তথ্য সংগ্রহ করা। তৃতীয়ত: অভিযোজন এর জন্য যে সব বিষয়ের উপর কাজ করা হবে সে সব বিষয়ে কাজ করতে কী কী প্রতিবন্ধকতা আছে এবং কী কী দুর্বলতা আছে তা চিহ্নিত করা হয়েছে। চতুর্থ: উপযোজন এর কী কী কৌশল অবলম্বন করা হবে তা ঠিক করা হয়েছে। পঞ্চম: অভিযোজন এর পরিকল্পনা প্রণয়ন করা। ষষ্ঠ: বিদ্যমান পরিকল্পনার মধ্যে এ কৌশল অন্তর্ভুক্ত করা।

চিত্র ২: জাতীয় অভিযোজন কৌশল তৈরীর ধাপসমূহ



৪.৩ জাতীয় অভিযোজন কৌশল এর রূপকল্প (Vision) এবং লক্ষ্য (Goals)

জাতীয় অভিযোজন কৌশল এর একটি রূপকল্প আছে যা হলো:

রূপকল্প (Vision): একটি কার্যকরী অভিযোজন কৌশল প্রণয়নের মাধ্যমে একটি শক্তিশালী সমাজ ব্যবস্থা, বাস্তুব্যবস্থা এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যম একটি জলবায়ু সহিষ্ণু জাতি গঠন করা।

জাতীয় পর্যায়ের অভিযোজন এর লক্ষ্য (National Adaptation Goals): জাতীয় অভিযোজন পরিকল্পনায় ছয়টি লক্ষ্য বাছাই করা হয়। এই লক্ষ্যগুলো হলো প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি হ্রাস, জলবায়ু সহনীয় কৃষির প্রচলন, জলবায়ু সহনীয় স্বাস্থ্য সেবা, পয়ঃনিষ্কাশন ও বিশুদ্ধ পানি সরবরাহ, মানুষের কল্যাণে প্রকৃতি নির্ভর পদ্ধতির ব্যবস্থা, সুশাসন এবং মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি ও উদ্ভাবন। নিম্নের চিত্রে অভিযোজন এর লক্ষ্য দেওয়া হলো:

চিত্র: ৩: জাতীয় অভিযোজন কৌশল এর রূপকল্প এবং লক্ষ্য:



৪.৪ স্থানীয় পর্যায়ে প্রযোজ্য জাতীয় অভিযোজন পরিকল্পনার কৌশল:

জাতীয় অভিযোজন পরিকল্পনায় ২৩টি কৌশল এর ধারণা দেওয়া হয়েছে। তবে স্থানীয় পর্যায়ের জন্য ১২টি কৌশল প্রয়োগ করা যায়। এই কৌশলগুলো নিচে দেয়া হয়েছে:

সারণি ২: জাতীয় পর্যায়ের অভিযোজন কৌশল যা স্থানীয় পর্যায়ের জন্য উপযুক্ত

নং	স্থানীয় পর্যায়ে প্রয়োগযোগ্য কৌশল	জাতীয় কৌশল নং
১.	বন্যা, নদী ভাঙ্গন ও খরার ঝুঁকি নিয়ন্ত্রণ করা।	১.২
২.	জলবায়ুর পরিবর্তনজনিত প্রভাব থেকে গাছপালা, জীবন-জীবিকা, রাস্তা-ঘাট রক্ষা করা।	১.৩
৩.	জলবায়ু সহনীয় কৃষির সম্প্রসারণ করা।	২.১
৪.	জলবায়ু সহনীয় পদ্ধতিতে মৎস্য, কৃষি ও প্রাণিসম্পদ উন্নয়ন।	২.২
৫.	জলবায়ু সহনীয় মৎস্য, কৃষি ও প্রাণিসম্পদ এর সম্প্রসারণ করা।	২.৪
৬.	জলবায়ু সহনীয় জনস্বাস্থ্য, স্যানিটেশন উন্নয়ন ও বিশুদ্ধ পানি সরবরাহ।	৩.৩
৭.	স্থানীয় জনগণের অংশগ্রহণের মাধ্যমে বনায়ন কর্মসূচি বৃদ্ধি করা।	৪.৩
৮.	অভিযোজন (Adaptation) কার্যক্রম এর পরীবিক্ষণ, মূল্যায়ন, শিখন কার্যক্রমের জন্য একটি কাঠামো তৈরী করা।	৫.২
৯.	প্রাইভেট সেক্টরকে অভিযোজন কার্যক্রমের অংশগ্রহণ উৎসাহিত করা।	৫.৩
১০.	স্থানীয় সরকার, স্থানীয় সংগঠন, নারী, যুব, প্রতিবন্ধীদের এ অভিযোজন (Adaptation) কার্যক্রমে অংশগ্রহণ বাড়ানোর জন্য তাদের ক্ষমতা বাড়ানো।	৫.৪
১১.	অভিযোজন (Adaptation) এর কার্যক্রম শক্তিশালী করার জন্য দক্ষতা বৃদ্ধি ও জ্ঞান আহরণ করা।	৬.১
১২.	জলবায়ু পরিবর্তনজনিত কারণে জান-মাল রক্ষার্থে উদ্ভাবন এর উপর জোর দেওয়া।	৬.২

৪.৫ জাতীয় অভিযোজন পরিকল্পনার প্রস্তাবিত খাত

জাতীয় অভিযোজন পরিকল্পনায় ৮টি সেক্টর এর প্রস্তাব করা হয়েছে। এগুলো হলো: পানি সম্পদ, দুর্যোগ, সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তা, কৃষি, মৎস্য, জলজ ও প্রাণিসম্পদ, শহর এলাকা, বাস্তুসংস্থান, জলাধার এবং জীববৈচিত্র্য, নীতি ও প্রতিষ্ঠান, দক্ষতার উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবন।

সারণী : ৩ জাতীয় অভিযোজন পরিকল্পনার প্রস্তাবিত খাত

SL	সেক্টরসমূহ (Sectors)
১.	Water Resources (পানি সম্পদ)
২.	Disaster, Social Safety and Security (দুর্যোগ, সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তা)
৩.	Agriculture (কৃষি)
৪.	Fisheries, Aquaculture and Livestock (মৎস্য, জলজ ও প্রাণি সম্পদ)
৫.	Urban Areas (শহর এলাকা)
৬.	Ecosystem, Wetlands and Biodiversity (বাস্তুসংস্থান, জলাধার এবং জীববৈচিত্র্য)
৭.	Policies and Institutions (নীতি ও প্রতিষ্ঠান)
৮.	Capacity Development, Research and Innovation (দক্ষতার উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবন)

৫. স্থানীয় অভিযোজন কর্ম কৌশল প্রণয়নে উপজেলা পরিষদের ভূমিকা

উপজেলা পরিষদ তার এখতিয়ারভুক্ত যে কোন বিষয়ে তার তহবিলের সংগতি অনুযায়ী পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন করতে পারবে এবং এইরূপ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিষদের এলাকাভুক্ত ইউনিয়ন পরিষদ বা উক্ত এলাকায় উন্নয়ন কর্মকান্ডে সক্রিয়ভাবে জড়িত বেসরকারী প্রতিষ্ঠানসমূহ বা কোন ব্যক্তি বিশেষের পরামর্শ বিবেচনা করতে পারবে। উপজেলা পরিষদ তার প্রতিটি উন্নয়ন পরিকল্পনার বিষয়ে সংশ্লিষ্ট সংসদ সদস্যের সুপারিশ গ্রহণপূর্বক তার একটি অনুলিপি বাস্তবায়নের পূর্বে সরকারের নিকট প্রেরণ করবে এবং জনসাধারণের অবগতির জন্য পরিষদের বিবেচনায় যথাযথ পদ্ধতিতে প্রকাশ করতে বা ক্ষেত্র বিশেষে তাঁদের মতামত বা পরামর্শ বিবেচনাক্রমে উক্ত পরিকল্পনা সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

যেহেতু জাতীয় অভিযোজন কৌশলটি কিছুদিন পূর্বে সরকার অনুমোদন দেয়, তাই দেখা যায় স্থানীয় সরকারের পরিকল্পনায় এর অন্তর্ভুক্তি হয় না। তবে স্থানীয় সরকার বিভাগের ২ নভেম্বর ২০১৪ তারিখের ৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-১০৫৭ নং স্মারকে জারিকৃত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিকায় উপজেলা পর্যায়ে পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের সার্বিক কাঠামো প্রদান করা হয়েছে। সকল স্থানীয় সরকারের জন্য সাধারণভাবে প্রযোজ্য হলেও এতে গুরুত্বপূর্ণ কিছু বিষয় রয়েছে। যেমন- সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার সাথে (বর্তমানে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) সংযোগ, জেন্ডার মূলধারায় অন্তর্ভুক্তি (Gender Mainstream), জেলা এবং জাতীয় পর্যায়ের পরিকল্পনার সাথে সামঞ্জস্য নিশ্চিতকরণ করে উপজেলা পর্যায়ে অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়ন। এক্ষেত্রে এ অভিযোজন কৌশল বর্তমান জারিকৃত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিকা অনুসারে অন্তর্ভুক্ত করা দরকার।

উপজেলা পরিষদ বিদ্যমান পরিকল্পনা প্রণয়ন এর পদ্ধতি অনুসরণ করে উপজেলা অভিযোজন কৌশল নির্ধারণ করতে পারে। এখানে উপজেলা পরিষদের বর্তমান পরিকল্পনা প্রণয়নের কাঠামো ও ধাপ এর ধারণা দেওয়া হলো:

৫.১ উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা চক্রের প্রাতিষ্ঠানিক কাঠামো

উপজেলা পরিষদের পরিকল্পনা প্রণয়নে বর্তমান আইন অনুসারে যারা ভূমিকা পালন করে তাদের দায়িত্ব সম্পর্ক ধারণা নিম্নে দেওয়া হলো:

উপজেলা পরিষদ: উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ অনুযায়ী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পূর্ণ দ্বায়িত্ব উপজেলা পরিষদকে অর্পণ করা হয়েছে। সেই সাথে পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে বৃহত্তর অংশীজনদের ও উন্নয়ন সহযোগীদের অংশগ্রহণ নিশ্চিত হওয়াটাও গুরুত্বপূর্ণ। কারণ এতে পরিকল্পনাসমূহ অধিকতর অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক হয় । উন্নয়ন পরিকল্পনা চক্রটিকে অন্তর্ভুক্তিমূলক এবং অংশগ্রহণমূলক করার লক্ষ্যে উপজেলা পরিষদ অংশীজন সভা আয়োজনের জন্য রাজস্ব বাজেট থেকে প্রয়োজন অনুযায়ী অর্থ নির্দিষ্ট করে দিতে পারে। এ জাতীয় অভিযোজন কর্মকৌশল উপজেলা পর্যায়ে বাস্তবায়নে উপজেলা পরিষদকেই নেতৃত্ব দিতে হবে। যেহেতু উপজেলা পরিষদ তার উন্নয়ন পরিকল্পনার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণকারী, সেহেতু পরিষদ যথাসময়ে উন্নয়ন পরিকল্পনার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজন অনুসারে বিশেষ সভা আয়োজন করতে পারে।

উপজেলা কমিটি: অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির অন্যতম দায়িত্ব হচ্ছে উপজেলা পরিষদ ও হস্তান্তরিত বিভাগসমূহের নিবিড় সহযোগিতায় এই উন্নয়ন পরিকল্পনা চক্রের (যথাঃ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, রিপোর্টিং) ব্যবস্থাপনায় নেতৃত্ব দেয়া। কাজেই এ স্থানীয় অভিযোজন কর্মকৌশল প্রণয়নেও এ কমিটির নেতৃত্বদান করতে হবে। এ কমিটি বিভিন্ন ইউপি ও এনজিও থেকে তথ্য নিয়ে স্থানীয় অভিযোজন কর্মকৌশল এর খসড়া পরিকল্পনা সংক্রান্ত কারিগরি দল এর সহায়তায় তৈরী করে উপজেলা পরিষদে উপস্থাপন করবে।

চিত্র ৪: উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা চক্রের প্রাতিষ্ঠানিক কাঠামো



পরিকল্পনা সংক্রান্ত কারিগরি দল (Technical Group for Planning): উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকায় উপজেলা কমিটির পাশাপাশি উপজেলা পরিষদের সদস্য ও সদস্য নন এমন ব্যক্তিদের সমন্বয়ে প্রকল্প প্রস্তাবনার অনুমোদন পূর্ববর্তী মূল্যায়নের জন্য একটি কমিটি গঠনের সুযোগ রেখেছে। একটি পরিকল্পনা বিষয়ক কারিগরি দল (TGP) গঠনের সুপারিশ করেছে যা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি ও উপজেলা পরিষদকে নিয়মিতভাবে উন্নয়ন পরিকল্পনা চক্রের প্রক্রিয়া ব্যবস্থাপনায় সহযোগিতা করবে। উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বাধীন এই কমিটির সদস্য সংখ্যা হবে ৫-৮ জন। এর মধ্যে ৩ থেকে ৬ জন সদস্য হস্তান্তরিত বিভাগসমূহ থেকে এবং ১ থেকে ২ জন সদস্য NGO বা বেসরকারি খাত থেকে নির্বাচন করা যেতে পারে। এ জাতীয় অভিযোজন কৌশল উপজেলা পর্যায়ে বাস্তবায়নের জন্য এ কারিগরি দল পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যেহেতু **Local Government Initiative on Climate Change (LoGIC)** প্রকল্প বাংলাদেশের ৯টি জেলার ২৯টি উপজেলায় কাজ করছে সেক্ষত্রে এ প্রকল্প ২৯ উপজেলায় এ কমিটির সদস্য হতে পারে। পরিকল্পনা সংক্রান্ত কারিগরি দল স্থানীয় অভিযোজন কর্ম কৌশল প্রণয়নে TGP এর প্রধান কাজগুলো হলোঃ

- স্থানীয় অভিযোজন কর্মকৌশল প্রণয়নে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ এবং উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের দিক-নির্দেশনা অনুযায়ী গুরুত্বপূর্ণ ফরম্যাট ও সারণীসমূহ প্রস্তুতকরণ;

- স্থানীয় অভিযোজন কর্মকৌশল প্রণয়নের জন্য তথ্য উপাত্ত সংগ্রহার্থে ইউনিয়ন পরিষদ. পৌরসভা, হস্তান্তরিত বিভাগসমূহ ও উপজেলা কমিটির সাথে ঘনিষ্টভাবে কাজ করা;
- স্থানীয় অভিযোজন কর্মকৌশল এর খসড়া প্রস্তুত করা।

প্রকল্প বাছাই কমিটি: হস্তান্তরিত বিভাগ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভা কর্তৃক দাখিলকৃত দীর্ঘ প্রকল্প প্রস্তাব থেকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় কোন কোন প্রকল্প/স্কিমে অর্থায়ন করা যাবে তা উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় নির্ধারিত অগ্রাধিকার খাত, লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী প্রকল্প বাছাই কমিটি বাছাইপূর্বক চূড়ান্ত করে উপজেলা পরিষদের অনুমোদনের জন্য তালিকাভুক্ত করে পেশ করবে। স্থানীয় অভিযোজন কর্মকৌশল বাস্তবায়নের জন্য যে প্রকল্প প্রস্তাব করা হবে তা অর্থায়নের জন্য এ কমিটি দ্বারা যাচাই বাছাই করা হবে।

হস্তান্তরিত বিভাগসমূহ (TLD): উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ অনুসারে হস্তান্তরিত বিভাগসমূহের কর্মকর্তাগণ উপজেলার নাগরিকদের তাদের নিজ নিজ বিভাগীয় সেবা প্রদানের দায়িত্ব পালনের ক্ষেত্রে উপজেলা পরিষদের অংশ হিসেবে কাজ করে থাকেন। আঞ্চলিক ও মাঠ পর্যায়ে অবস্থান করায় হস্তান্তরিত বিভাগসমূহের কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ সংশ্লিষ্ট আর্থ-সামাজিক ও জনসংখ্যাতাত্ত্বিক তথ্য ও উপাত্ত, উন্নয়ন চাহিদা ও চ্যালেঞ্জ সংগ্রহ এবং অন্যান্য উৎসের (যেমন- জাতীয় উন্নয়ন পরিকল্পনা, সংসদ সদস্য, NGO, বেসরকারি ক্ষেত্র, ইউনিয়নগুলোর ADP ইত্যাদি) মাধ্যমে চলমান ও পরিকল্পিত উন্নয়নমূলক উদ্যোগ সম্পর্কিত তথ্যসমূহ সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত থাকবেন। অতএব একথা বলা যায় যে, তারা স্ব-স্ব খাতের পরিস্থিতি বিশ্লেষণ করার জন্য সর্বোত্তম অবস্থানে রয়েছেন। স্থানীয় অভিযোজন কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়নে হস্তান্তরিত বিভাগসমূহ নেতৃত্ব দিবে।

৫.২ উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা চক্রের মূল ধাপসমুহ

পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য উপজেলা পরিষদ নিম্নোক্ত (চিত্র ৫ এ প্রদত্ত) পদক্ষেপ গ্রহণ করবে। এখানে প্রতিটি ধাপ যৌক্তিক ধারাবাহিকতায় সাজানো হয়েছে। উপজেলার জন্য সংশ্লিষ্ট অংশীজন এবং অংশীদারদের মধ্যে সর্বোচ্চ উলম্ব (Vertical) এবং অনুভূমিক (Horizontal) সমন্বয় এবং সহযোগিতা নিশ্চিত করার পাশাপাশি প্রতিটি ধাপ পদ্ধতিগতভাবে সম্পন্ন করাটাও গুরুত্বপূর্ণ।

চিত্র ৫: উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা চক্রের মূল ধাপসমূহ

৬. জাতীয় অভিযোজন পরিকল্পনা স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অর্ন্তভুক্তিকরণ পদ্ধতি

জাতীয় অভিযোজন পরিকল্পনা স্থানীয় পর্যায়ের পরিকল্পনার ক্ষেত্রে নিচের নয়টি ধাপ বিবেচনা করতে হবে। ১মঃ উপজেলা পরিষদের সভায় অভিযোজন কৌশল প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ; ২য়ঃ অগ্রাধিকার খাতগুলো চিহ্নিত করা; ৩য়ঃ জলবায়ুর পরিবর্তনজনিত ঝুঁকির বর্তমান অবস্থা ও এর জন্য গৃহিত পদক্ষেপের উপর তথ্য সংগ্রহ করা; ৪র্থঃ অভিযোজন এর জন্য যে সব বিষয়ের উপর কাজ করা হবে সে সব বিষয়ে কাজ করতে কী কী প্রতিবন্ধকতা আছে এবং কী কী দুর্বলতা আছে তা চিহ্নিত করতে হবে; ৫মঃ অভিযোজন এর জন্য কৌশল নির্ধারণ, এবং খাত চিহ্নিত করতে হবে এবং কী কী উপায় তা ঠিক করতে হবে এখানে জেন্ডার সংবেদনশীলতাকে কীভাবে অর্ন্তভূক্ত করা হবে সে বিষয়ে পরিকল্পনা করতে হবে; ৬ষ্ঠঃ উপজেলা পরিষদ কর্তৃক সংশ্লিষ্ট অংশীজনদের সাথে খসড়া পরিকল্পনা শেয়ার; ৭মঃ অভিযোজন এর পরিকল্পনা চুড়ান্ত করা এবং উপজেলা পরিষদ দ্বারা অনুমোদন; ৮মঃ বিদ্যমান উপজেলার পরিকল্পনার মধ্যে অভিযোজন কৌশল অন্তর্ভুক্তির জন্য কৌশল প্রণয়ন করা। এক্ষেত্রে সবচেয়ে সহজ পদ্ধতি হলো উপজেলার পঞ্চবার্ষিক পরিকল্পনার ও বার্ষিক পরিকল্পনার একটি আলাদা সেকশন হিসাবে এই কৌশল উপস্থাপন করলে এটা বুঝতে সুবিধা হবে এবং বাস্তবায়ন ও পরিবীক্ষণ সহজ হবে; এবং ৯মঃ অভিযোজন পরিকল্পনা বাস্তবায়ন করা।

চিত্র ৬: উপজেলা পর্যায়ে অভিযোজন কৌশল তৈরীর ধাপসমূহ



৭. স্থানীয় অভিযোজন কর্মকৌশল এর প্রধান উপাদানসমূহ

স্থানীয় পর্যায়ে অভিযোজন কৌশল প্রণয়নে ৯টি ধাপ অনুসরণ করে নিচের সারণি ৫ অনুসারে ১০টি সেকশনের মাধ্যমে উপস্থাপন করা যায়। (এনেক্স-৬: স্থানীয় অভিযোজন কৌশল এর মডেল অনুসারে)।

সারণি ৫: স্থানীয় অভিযোজন কৌশল এর মডেল

Contents of LAPA (সূচি)
১. ভূমিকা (Introduction)
২. এলাকার প্রেক্ষাপট (Context of the Area)
ক. দুর্যোগ এর মাত্রা ও ধরণ (Extent and Nature of Disaster)
খ. দুর্যোগের প্রভাবে ক্ষতির ধরণ ও মাত্রা (Extent and Nature of Impact)
গ. গৃহিত পদক্ষেপ (Nature of Steps Taken)
৩. রূপকল্প (Vision of LAPA)
৪. লক্ষ্য (Goal of LAPA)

৫. ফলাফল (Outcome of LAPA)
৬. সেক্টর ও কৌশল (Sectors and Adopted Strategy)
৭. প্রতি সেক্টরে গৃহিত পদক্ষেপ (Initiatives for Each Sector)
ক. চিহ্নিত প্রকল্পের সংখ্যা (Number of Projects)
খ. বাজেট (Budget)
গ. বাস্তবায়নকারী প্রতিষ্ঠান (Implementing Agent)
ঘ. উপকারভোগীর সংখ্যা (Number of Beneficieries)
ঙ. প্রকল্পগুলো বাস্তবায়নে লিঙ্গ সংবেদনশীলতা (Gender Sensitivity)
চ. জীব বৈচিত্র রক্ষায় প্রকল্পগুলোর ভূমিকা (Biodiversity)
ছ. বিভিন্ন দুর্যোগ মোকাবেলায় প্রকল্পের ভূমিকা (Types of Disaster Risk Reduction)
৮. প্রতিবন্ধকতাসমূহ (Challenges of the LAPA)
৯. উপসংহার (Conclusion)
১০. এনেক্স/ পরিশিষ্ট (Annex)

ভূমিকা: এখানে স্থানীয় পর্যায়ে অভিযোজন কৌশল এর জন্য একটি ভূমিকা প্রদান করা যায়। যেখানে এর গুরত্ব এবং কীভাবে প্রণয়ন করা হয়েছে এর একটি সংক্ষিপ্ত বর্ণনা করা যায়।

এলাকার প্রেক্ষাপট (Context of the Area): পরিস্থিতি বিশ্লেষণ বলতে উপজেলায় বসবাসরত জনগণের জীবন ও জীবিকাকে প্রভাবিত করে এমন অভ্যন্তরীণ ও বাহ্যিক বিষয়গুলোর বিশ্লেষণকে বুঝায়। এটা উপজেলার উন্নয়ন চাহিদা, চ্যালেঞ্জ, সম্ভাব্য উন্নয়ন কার্যক্রম (Development Interventions) এবং এর প্রভাব চিহ্নিত করতে সহায়তা করে। বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার (যেমনঃ জাতীয়, আঞ্চলিক, জেলা, পৌরসভা, ইউনিয়ন) মধ্যে সমন্বয় বৃদ্ধির এবং অধিক সংখ্যক অংশীজনদের কাছ থেকে আর্থ-সামাজিক ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্য-উপাত্ত সংগ্রহের মাধ্যমে উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পূর্বে একটি আদর্শ এবং বস্তুনিষ্ঠ পরিস্থিতি বিশ্লেষণ করা সম্ভব। স্থানীয় অভিযোজন কর্মকৌশল প্রণয়নের জন্য তিন ধরনের তথ্য সংগ্রহ করা প্রয়োজন। তাহলো গত পাঁচ বছরে প্রাকৃতিক দুর্যোগের মাত্রা, প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষয়ক্ষতির বর্ণনা, প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষার জন্য গত পাঁচ বছরে গৃহিত পদক্ষেপ। এ তথ্যগুলো পরিকল্পনা প্রণয়নে সাহায্য করবে।

গত পাঁচ বছরে প্রাকৃতিক দুর্যোগের মাত্রা: গত পাঁচ বছরে এ এলাকায় কোন ধরনের এবং কী পরিমাণ প্রাকৃতিক দুর্যোগ হয়েছে তার একটি বর্ণনা দেয়া। এনেক্স-১ অনুসারে এখানে ১৭ ধরনের দুর্যোগের তথ্য নিতে হবে।

প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষয়ক্ষতির বর্ণনা: গত পাঁচ বছরে প্রাকৃতিক দুর্যোগের ফলে মানুষের ও অবকাঠামোর যে ক্ষতি হয়েছে তার একটি চিত্র তুলে ধরতে হবে। এ তথ্য এনেক্স-২ অনুসারে সংগ্রহ করতে হবে।

প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষার জন্য গত পাঁচ বছরে গৃহিত পদক্ষেপ: তের ধরনের ক্ষতি থেকে রক্ষা পাওয়ার জন্য গৃহিত পদক্ষেপের চিত্র তুলে ধরতে হবে। এ তথ্য এনেক্স-৩ অনুসারে সংগ্রহ করতে হবে।

রূপকল্প ও লক্ষ্য: প্রতিটি উপজেলা সেক্টর ও কৌশল বাছাই করার পর এর সাথে সামঞ্জস্য রেখে একটি রূপকল্প ঠিক করতে পারে যা জাতীয় রূপকল্প অর্জনে সহায়তা করবে। নীচে উপজেলার জন্য একটি রূপকল্প প্রস্তাব করা হচ্ছে। প্রতিটি উপজেলা নিচের ছয়টি লক্ষ্যই নিজেদের পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে পারে অথবা কয়েকটি নির্ধারণ করতে পারে।

সারণি ৬: উপজেলার জন্য প্রযোজ্য রূপকল্প ও লক্ষ্য

উপজেলার জন্য প্রস্তাবিত রূপকল্প:
জাতীয় অভিযোজন কৌশল স্থানীয় পর্যায়ের পরিকল্পনায় অন্তর্ভুক্তি ও বাস্তবায়নের মাধ্যমে একটি জলবায়ু সহিষ্ণু এলাকা তৈরী করে স্থানীয় মানুষের জীবনমানের উন্নতি ঘটানো।
উপজেলার জন্য প্রযোজ্য লক্ষ্য
১. প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি হ্রাসের মাধ্যমে জানমালের নিরাপত্তা বিধান করা। ২. খাদ্য, পুষ্টি ও জীবিকার জন্য জলবায়ু সহনীয় কৃষির প্রচলন করা। ৩. মানুষের কল্যাণে জলবায়ু সহনীয় স্বাস্থ্য সেবা, পয়ঃনিষ্কাশন ও বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা করার মাধ্যমে শহরের উন্নয়ন করা। ৪. জীব বৈচিত্র্য, বন এবং মানুষের কল্যাণে প্রকৃতি নির্ভর পদ্ধতির ব্যবস্থা করা। ৫. বিদ্যমান পরিকল্পনা প্রক্রিয়ায় অভিযোজন (Adaptation) কৌশল অন্তর্ভুক্তির মাধ্যমে সুশাসন নিশ্চিত করা। ৬. অভিযোজন (Adaptation) কৌশল বাস্তবায়নের জন্য মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি ও উদ্ভাবন করা। ৭. সামাজিক ন্যয্যতা নিশ্চিত করতে জেন্ডার সংবেদনশীল অভিযোজন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

উপজেলা অভিযোজন কৌশল এর জন্য প্রস্তাবিত ফলাফল

জাতীয় অভিযোজন পরিকল্পনায় মোট ২৮টি ফলাফল এর প্রস্তাব করা হয়েছে। তবে স্থানীয় পর্যায়ে আটটি ফলাফল এর প্রস্তাব করা হচ্ছে যা জাতীয় পর্যায়ে উনিশটি ফলাফল অর্জনের জন্য ভূমিকা রাখবে। নিচে স্থানীয় পর্যায়ের জন্য আটটি ফলাফল দেয়া হলো:

সারণী : ৭ স্থানীয় পর্যায়ে প্রযোজ্য জাতীয় অভিযোজন পরিকল্পনার ফলাফল (Outcome)

নং	স্থানীয় পর্যায়ে প্রয়োগযোগ্য ফলাফল	জাতীয় অভিযোজন এর ফলাফল নং
১.	প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি যেমন বন্যা, নদী ভাঙ্গন ও খরা হ্রাসের মাধ্যমে গাছপালা, জীবন, জীবিকা, রাস্তা-ঘাট রক্ষা করে স্থানীয় পর্যায়ের জানমালের নিরাপত্তা বিধান করে মানুষের টেকসই উন্নয়ন করা।	১.১, ১.২, ১.৩
২.	জলবায়ু সহনীয় কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ এর উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে স্থানীয় পর্যায়ের জনগণের খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণের মাধ্যমে স্বাস্থ্যের উন্নয়ন সাধন করে টেকসই উন্নয়ন করা।	২.১, ২.২, ২.৩, ২.৪
৩.	জলবায়ু সহনীয় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন ও বিশুদ্ধ পানি সরবরাহের নিশ্চয়তার মাধ্যমে স্থানীয় পর্যায়ে জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করা।	৩.১, ৩.২, ৩.৩
৪.	স্থানীয় জনগণের অংশগ্রহণের মাধ্যমে বনায়ন কর্মসূচি বৃদ্ধির মাধ্যমে প্রাকৃতিক ঝুঁকি হ্রাস।	৪.৪, ৪.৫
৫.	অভিযোজন (Adaptation) কার্যক্রমের গতি বৃদ্ধি, গুণগতমানের উন্নতি ও সবার অংশগ্রহণের নিশ্চয়তার জন্য পরীবিক্ষণ, মূল্যায়ন, শিখন ও পরিকল্পনা কার্যক্রম এর কাঠামো তৈরী ও বাস্তবায়ন করা।	৫.১, ৫.২
৬.	অভিযোজন (Adaptation) কার্যক্রমের গতি বৃদ্ধি, স্থানীয় মানব সম্পদের ব্যবহার ও সবার অংশগ্রহণের নিশ্চয়তার জন্য কৌশল নির্ধারণ ও বাস্তবায়ন করা।	৫.৩, ৫.৫
৭.	অভিযোজন (Adaptation) কার্যক্রম শক্তিশালী করার জন্য সংশ্লিষ্ট সবার দক্ষতা বৃদ্ধির কৌশল নির্ধারণ ও বাস্তবায়ন করা।	৬.১, ৬.৩
৮.	অভিযোজন (Adaptation) কার্যক্রম শক্তিশালী করার জন্য নতুন নতুন উদ্ভাবন এর জন্য কৌশল নির্ধারণ ও বাস্তবায়ন করা।	৬.৪

স্থানীয় পর্যায়ের জন্য প্রযোজ্য সেক্টর ও অভিযোজন কৌশল

পরিস্থিতির পর্যালোচনা করে প্রতিটি উপজেলা প্রথমে স্থানীয় পর্যায়ে কাজ করা হবে এমন সেক্টর ও এর জন্য প্রযোজ্য কৌশল নির্ধারণ করবে। নিচের সারণীতে উপজেলার জন্য প্রযোজ্য সেক্টর ও কৌশল উপস্থাপন করা হলো। প্রতিটি উপজেলা এর মধ্যে থেকে একাধিক সেক্টর ও কৌশল বাছাই করে পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে পারে।

সারণী ৮: স্থানীয় পর্যায়ের জন্য প্রযোজ্য সেক্টর ও উপযোজন কৌশল

ক্র: নং	সেক্টর (Sectors)	কৌশল (Strategy)
১.	Water Resources (পানি সম্পদ)	৩.৩ জলবায়ু সহনীয় জনস্বাস্থ্য, স্যানিটেশন উন্নয়ন ও বিশুদ্ধ পানি সরবরাহ।
২.	Disaster, Social Safety and Security (দুর্যোগ, সামাজিক সুরক্ষা এবং নিরাপত্তা)	১.২ বন্যা, নদী ভাঙ্গন ও খরার ঝুঁকি নিয়ন্ত্রণ করা। ১.৩ জলবায়ুর পরিবর্তনজনিত প্রভাব থেকে গাছপালা, জীবন- জীবিকা, রাস্তা-ঘাট রক্ষা করা।
৩.	Agriculture (কৃষি)	২.১ জলবায়ু সহনীয় কৃষির সম্প্রসারণ করা।
৪.	Fisheries, Aquaculture and Livestock (মৎস্য, জলজ ও প্রাণি সম্পদ)	২.২: জলবায়ু সহনীয় পদ্ধতিতে মৎস্য, কৃষি ও প্রাণিসম্পদ উন্নয়ন। ২.৪ জলবায়ু সহনীয় মৎস্য, কৃষি ও প্রাণিসম্পদ এর সম্প্রসারণ করা।
৫.	Urban Areas (শহর এলাকা)	৩.৩ জলবায়ু সহনীয় জনস্বাস্থ্য, স্যানিটেশন উন্নয়ন ও বিশুদ্ধ পানি সরবরাহ।
